

রেজিষ্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২২, ১৯৯৮

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২২শে এপ্রিল, ১৯৯৮/৯ই বৈশাখ, ১৪০৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ২২শে এপ্রিল, ১৯৯৮ (৯ই বৈশাখ, ১৪০৫) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :-

১৯৯৮ সনের ৫ নং আইন

International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh Ordinance, 1978 (LI of 1978) এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

সেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh Ordinance, 1978-এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই আইন International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh (Amendment) Act, 1998 নামে অভিহিত হইবে।

২। Ordinance LI of 1978-এর section 1-এর সংশোধন।—International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh Ordinance, 1978 (LI of 1978)-এর section 1-এর sub-section (2)-এর পরিবর্তে নিম্নরূপ sub-section (2) প্রতিস্থাপিত হইবে, যথা :

“(2) It shall continue in force for a period of 50 years with effect from 9th December 1978.”

(৫৭২১)

মূল্য : টাকা ১.০০

১৯৯৮ সনের ৬ নং আইন

ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ আইন, ১৯৯০ এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৩৬ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

২। ১৯৯০ সনের ৩৬ নং আইনের ধারা ২ এর সংশোধন।—ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৩৬ নং আইন) এর ধারা ২ এর—

(ক) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(গ) “বৃহত্তর ঢাকা এলাকা” অর্থ ঢাকা মেট্রোপলিটন এলাকার সকল থানা, নারায়ণগঞ্জ জেলার বাকতাবালী ও আলীরটেক ইউনিয়ন ব্যতীত নারায়ণগঞ্জ থানা, ফতুল্লা থানা ও সিদ্ধিরগঞ্জ থানা এবং গাজীপুর জেলার টংগী পৌরসভা এবং সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত এলাকার অন্তর্ভুক্ত বলিয়া ঘোষিত তৎসম্বন্ধিত কোন এলাকা;”।

(খ) দফা (ঙ) বিলুপ্ত হইবে।

খোন্দকার আবদুল হক
অতিরিক্ত সচিব।